center for zakat management
CZM

# ZAKAT

A Newsletter of
Center for Zakat Management

সেপ্টেম্বর - ২০২২, আশ্বিন - ১৪২৯, সফর - ১৪৪৪ | সংখ্যাঃ ২৪

## মাছ ধরার আধুনিক নৌকা পেল হাওরের সুবিধাবঞ্চিত মৎসজীবিরা





কিশোরগঞ্জের হাওর উপজেলার নিকলীতে ৬০ জন মৎসজীবির মাঝে ২০ টি আধুনিক ফাইবার গ্লাস বোট বিতরণ করেছে সিজেডএম। নিকলী উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নিকলী জেলা নির্বাহী কর্মকর্তা মিজ শাকিলা পারভিন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সিজেডএম-এর চেয়ারম্যান এবং রহিমআফরোজ গ্রুপের পরিচালক নিয়াজ রহিম, সিজেডএম-এর পরিচালনা পর্ষদের সদস্য যথাক্রমে এ এম এম নাসির উদ্দিন, ড. মোহাম্মদ আব্দুল মজিদ, ড. শেখ আবদুর রশিদ, সিজেডএম-এর প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মোহাম্মদ আইয়ুব মিয়া, অতিরিক্ত জেলা প্রশাসক এটিএম ফরহাত চৌধুরী, নিকলী উপজেলা চেয়ারম্যান এ এম রুহুল কুদ্দুস ভুঁইয়া (জনি) প্রমূখ। অনুষ্ঠানে বক্তারা বলেন, এলাকার সুবিধাবঞ্চিত মৎসজীবি পরিবারগুলোর দুঃখ-কষ্ট লাঘবে মাছ ধরার এ নৌকা সহায়ক হবে।

উল্লেখ্য, কিশোরগঞ্জের নিকলী, বাজিতপুর, কুলিয়ারচর ও করিমগঞ্জ এ চার উপজেলায় ৩৯০ টি পরিবারের মধ্যে পর্যায়ক্রমে আরও ১৩০ টি নৌকা বিতরণের উদ্যেগ গ্রহণ করেছে সিজেডএম। এর আগে সিজেডএম মিঠামইন, অষ্টগ্রাম ও ইটনা উপজেলায় ৩০০টি পরিবারের মধ্যে ১০০টি ইঞ্জিন বোট বিতরণ করে।

## স্নাতক পর্যায়ের ৩৫৪৯ শিক্ষার্থী জিনিয়াস বৃত্তি পেলো






দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয় ও সরকারি মেডিকেল কলেজের স্নাতক ১ম বর্ষে অধ্যয়নরত ৩৫৪৯ জন সুবিধাবঞ্চিত শিক্ষার্থীকে নতুন করে জিনিয়াস বৃত্তির আওতায় অন্তর্ভুক্ত করল সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম)। সম্প্রতি ঢাকার ইন্সটিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ারস (আইডিইবি)- তে এক অনাড়ম্বর বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা, ব্র্যাক এবং পিপিআরসির নির্বাহী চেয়ারম্যান বিশিষ্ট অর্থনীতিবিদ ড. হোসেন জিল্লুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিজেডএম-এর চেয়ারম্যান ও বিশিষ্ট ব্যাবসায়ী জনাব নিয়াজ রহিম। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন সিজেডএম-এর পরিচালনা পর্ষদের সদস্য ও সাবেক সচিব যথাক্রমে এ এম এম নাসির উদ্দিন, আরাস্ত খান, এক্সিম ব্যাংক ফাউন্ডেশনের সেক্রেটারি জেনারেল একেএম নুরুল ফজল বুলবুল, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. জুবায়ের মোহাম্মদ এহসানুল হক, সিজেডএম-এর প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মোহাম্মদ আইয়ুব মিয়া-সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ।

উল্লেখ্য, এ কর্মসূচির আওতায় শিক্ষার্থীরা মাসিক ৪,০০০ টাকা করে ৩০ মাস এ সুবিধা ভোগ করবে। বর্তমানে চলমান ১৭৫০ শিক্ষার্থীসহ এ পর্যন্ত ৯৪৩২ জন শিক্ষার্থীকে সিজেডএম বৃত্তি প্রদান করেছে।

## অসহায় ও হতদরিদ্র কিডনী রোগীদের সেবায় কেরানীগঞ্জে সিজেডএম-এর কিডনি ডায়ালাইসিস ও ট্রান্সপ্লান্ট সেন্টার স্থাপন





সিজেডএম ঢাকার অদূরে কেরাণীগঞ্জে আন্তর্জাতিক মানের একটি কিডনি ডায়ালাইসিস ও ট্রান্সপ্লান্ট সেন্টার স্থাপনের উদ্যোগ নিয়েছে। গ্লোবাল বার্ডেন অফ ডিজিজ স্টাডির তথ্য অনুযায়ী বিশ্বে বর্তমানে প্রতি দিনে আকস্মিক কিডনি রোগে মারা যায় ৪,৬৫৭ জন মানুষ। বাংলাদেশে ১০ বছর আগে কিডনি রোগী ছিল শতকরা ১৬ ভাগ; ২০২১ সালে তা বেড়ে এখন প্রতি সাত জনে একজন। বর্তমানে দেশের ১৮ কোটি লোকের মধ্যে দুই কোটি লোকই কোনো না কোনোভাবে কিডনি রোগে আক্রান্ত। বাংলাদেশে প্রতি বছর চার লক্ষ করে মানুষ নতুন করে কিডনি রোগে আক্রান্ত হচ্ছে। বছরে  অন্তত চল্লিশ হাজার ডায়ালাইসিস ও ট্রান্সপ্লান্টযোগ্য কিডনি রোগী মারা যাচ্ছে।

পাইলট প্রকল্প হিসেবে সিজেডএম প্রাথমিকভাবে ১৫০ জন রোগীকে ফ্রি হিমোডায়ালাইসিস এবং বেশকিছু রোগীর ফ্রি সিএপিডি চালু করার উদ্যোগ নিয়েছে। উল্লেখ্য, বিনামূল্যে হতদরিদ্রদের জন্য ব্যয়বহুল এ চিকিৎসা কেন্দ্র চালু করার উদ্যোগ নিয়েছে সিজেডএম। আগামী ১ নভেম্বর ২২ থেকে এর কার্যক্রম শুরু হবে।

## সিজেডএম এর আর্থিক সহযোগিতায় ভোকেশনাল স্কুল কার্যক্রম






সিজেডএম এর আর্থিক ও কারিগরি সহায়তায় নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলার বসুরহাটে ভিলেজ ভোকেশনাল ট্রেনিং সেন্টার (ভিভিটিসি) নামে ভোকেশনাল স্কুল পরিচালিত হচ্ছে। কোম্পানীগঞ্জ উপজেলার অধিকাংশ মানুষ দিনমজুর, মাছের ব্যবসা কিংবা রিক্সা-ভ্যান গাড়ী চালিয়ে জীবিকা নির্বাহ করে। দারিদ্রতার কারনে তাদের সন্তানদের পড়ালেখার খরচ বহন করা সম্ভব হয় না, এতে  অনেক শিক্ষার্থী প্রাথমিক শিক্ষার গন্ডি পেরিয়ে মাধ্যমিক শিক্ষায় ভর্তির সুযোগ হতে বঞ্চিত হয়।

বাংলাদেশ সরকারের সাবেক সচিব মরহুম মোহাম্মদ ফয়েজ উল্লা সাহেব এর প্রত্যক্ষ উৎসাহ এবং তত্ত্বাবধানে ১৯৮৯ খ্রি: স্কুলটি প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নের লক্ষ্যে ২০১৬ সালে সিজেডএম প্রতিষ্ঠানটি পরিচালনার দায়িত্ব গ্রহণের ফলে গরীব শিক্ষার্থীরা লেখাপড়ার সুযোগ পায় এবং স্কুলের ছাত্রসংখ্যা বৃদ্ধি পেতে থাকে। বর্তমানে স্কুলটিতে ৩১৬ জন ছাত্র লেখাপড়া করছে। স্কুলের প্রতিটি কক্ষে প্রয়োজনীয় বেঞ্চ, চেয়ার, টেবিল নতুনভাবে সংযোজন, ট্রেডসমূহের জন্য চাহিদা মোতাবেক বিভিন্ন যন্ত্রপাতি, কম্পিউটার ট্রেডের জন্য কম্পিউটারসহ ও অন্যান্য আসবাবসামগ্রী, শিক্ষক-কর্মচারীবৃন্দের বেতন বৃদ্ধি, ১০ জন নতুন শিক্ষক নিয়োগ, শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ১৬০০ বর্গফুটের নতুন বিল্ডিং ঘর, সনুখভাগে বাউন্ডারী ওয়াল নির্মাণ, অফিস ও শিক্ষকদের মিলনায়তন সংস্কারসহ নানাবিধ উন্নয়নমুলক কাজ করেছে সিজেডএম।

## শারীরিক প্রতিবন্ধীদের মাঝে ডিভাইস বিতরণ






সম্প্রতি সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্টের উদ্যোগে নোয়াখালী জেলাধীন সোনাইমুড়ী উপজেলার ১০০ জন শারীরিক প্রতিবন্ধীর মাঝে ডিভাইস বিতরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার জনাব ইসমাঈল হোসেন, সোনাইমুড়ি সরকারী কলেজের অধ্যক্ষ জনাব এ কে এম শফিকুর রহমানসহ এলাকার বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে ডিভাইস বিতরণ করা হয়। অক্সিলারী ক্রাস,  ইলভো ক্রাস, ফোর পয়েন্ট স্টিক, পাওয়ার হুইল চেয়ার, স্পেশাল সীট হুইল চেয়ার, সিঙ্গেল পয়েন্ট স্টিক, স্টান্ডিং ফ্রেম (শিশুর উপযুক্ত), হুইল চেয়ার উইথ ট্রেসহ ১০০ জন শারীরিক প্রতিবন্ধীর মাঝে ১৪ ধরনের ডিভাইস বিতরণ করা হয়।

## আরও ৩৭ জন চোখের রোগীকে চিকিৎসা প্রদান





সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট-এর আর্থিক সহযোগিতায় সম্প্রতি লালমনিরহাটের জীবিকা তিস্তা-২ প্রকল্পের ৩৭ জন মুস্তাহিককে চোখের ছানি অপারেশনসহ অন্যান্য চিকিৎসা সম্পন্ন হয়েছে। সংস্থাটি ইতোমধ্যে এ প্রকল্পের আওতায় দেশের ১৫০০ জন দৃষ্টি প্রতিবন্ধীর মাঝে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন করার পর অপারেশন ও প্রয়োজনীয় ওষুধপত্র বিতরণ করেছে।

## আরও ২টি জীবিকা প্রকল্পের সফল সমাপ্তি





গত এক যুগের বেশি সময় ধরে সিজেডএম যাকাত তহবিলের কার্যকর ব্যবহারের মাধ্যমে দারিদ্র্য দূর করতে জীবিকা উন্নয়ন প্রকল্পসহ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। এ লক্ষ্যে দেশের বিভিন্ন এলাকায় জীবিকা উন্নয়ন কেন্দ্রের মাধ্যমে ৫৭ টি জীবিকা প্রকল্প হাতে নেয়া হয়, যার মধ্যে ২৮ টি প্রকল্প সফলভাবে সম্পন্ন হয়েছে। সম্প্রতি পটুয়াখালীর কলাপাড়া উপজেলা এবং ঢাকার সাভার উপজেলাধীন জীবিকা প্রকল্পের মেয়াদ সম্পন্ন হয়েছে। এ প্রকল্পগুলো সফল বাস্তবায়নের ফলে প্রকল্পের সুবিধাভোগীদের জীবনযাত্রার মান উন্নীত হয়েছে। এর মধ্যে ২৫টি পরিবারে উপার্জনক্ষম কোনো সদস্য ছিল না। তাদেরকে নিয়মিত ভাবে খাদ্য সহায়তা দেয়া হয়েছে। প্রকল্পে ৩১ টি নতুন বাড়ি নির্মাণ করে গৃহহীন পরিবারের কাছে তা হস্তান্তর করা হয়েছে। মোট ০৮ টি শিক্ষা কেন্দ্রের মাধ্যমে ৪-৬ বছর বয়সী (২২০ জন) শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা প্রদান করা হয়। এছাড়াও, ৩৭ জন চোখের রোগীর ছানি অপারেশন এবং ২৬ জন প্রতিবন্ধীর বিভিন্ন ডিভাইস যেমনঃ হুইল চেয়ার (০৫ টি), ক্রাচ (০১ টি), প্রদান করা হয়েছে। প্রকল্প দুটির মেয়াদ শেষ হওয়ার পরে প্রতিটি সদস্য পরিবার গড়ে ৩০ থেকে ৪০ হাজার টাকা নগদ হাতে পেয়েছে। তাদের আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড পরিচালনার দক্ষতা, বেশী আয়ের সুযোগ এবং আত্মবিশ্বাস বেড়েছে; ফলস্বরূপ সঞ্চয় ও মূলধন সংগ্রহসহ তাদের গড় আয় বৃদ্ধি পেয়েছে। প্রকল্পের প্রায় ১১ জন ভিক্ষুক ভিক্ষাবৃত্তি ছেড়েছে এবং উপার্জনমূলক কর্মকান্ডে জড়িত হয়েছে। বেশিরভাগ পরিবার সুদভিত্তিক ঋণ থেকে বেরিয়ে এসেছে। প্রকল্পের সবার নিরাপদ পানি এবং স্বাস্থ্যকর ল্যাট্রিনের ব্যবস্থা করা হয়েছে।

## কুমিল্লায় লোটাস কামাল গ্রানাডা স্কুল প্রতিষ্ঠা করেছে সিজেডএম






সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট দক্ষিণ কুমিল্লা সদরের লালমাই বাজারে সম্প্রতি (২০২২ সালের জুন মাসে) 'লোটাস কামাল গ্রানাডা স্কুল' নামে সুবিধাবঞ্চিতদের জন্য একটি নতুন প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করেছে। স্কুলটি কেজি থেকে ৩য় শ্রেণী পর্যন্ত ১১০ জন ছাত্র ছাত্রীদের নিয়ে তার কার্যক্রম শুরু করেছে। বিদ্যালয় পরিচালনা পর্ষদ-এ সদস্যগণ স্থানীয় শিশুদের জন্য মানসম্পন্ন এবং সাশ্রয়ী মূল্যের শিক্ষা প্রদান করে ধীরে ধীরে এটিকে একটি কলেজে রূপান্তর করার পরিকল্পনা করছেন। সিজেডএম যাকাত তহবিল থেকে দরিদ্র শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করবে।

center for zakat management
CZM

**সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট**
বাড়ী-২৬, রোড-৭, ব্লক-সি, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।
+৮৮০ ২ ২২২২৯৮২৫৫, ০১৭২৯ ২৯৬ ২৯৬
info@czm-bd.org fb.com/czm.org www.czm-bd.org

center for zakat management
CZM

# ZAKAT

A Newsletter of
Center for Zakat Management

September 2022, Ashin - 1429, Safar 1444 | Issue 24

## Underprivileged Fishermen of Haor Area Got Modern Fishing Boats





CZM has distributed 20 modern fiberglass boats among 60 fishermen in Nikli Upazila of Kishoreganj. Miss Shakila Parveen, Upazila Executive Officer, presided over the event held at Nikli Zila Parishad Auditorium. Niaz Rahim, Chairman of CZM and Director of RahimAfroz Group, AMM Nasiruddin, Member of the Board of Directors of CZM, Dr. Mohammad Abdul Majid, Dr. Sheikh Abdur Rashid, Chief Executive Officer of CZM, Mohammad Ayub Mia, Additional Deputy Magistrate ATM Farhat Chowdhury, Nikli Upazila Chairman AM Ruhul Quddus Bhuiyan (Johnny) etc. spoke on the occasion.

CZM will distribute more 130 boats to 390 families at four Upazilas Nikli, Bajitpur, Kuliarchar, and Karimganj in Kishoreganj. Earlier, CZM distributed 100 engine boats among 300 families in Mithamoin, Austogram & Itna Upazillas.

## 3549 Students Got Genius Scholarship







Center for Zakat Management (CZM) has newly included 3549 meritorious underprivileged students studying in the 1st year in all public universities and government medical colleges of the country under the Genius scholarship. Recently, a grand scholarship award ceremony was organized at the Institution of Diploma Engineers (IDEB) in Dhaka. Former Advisor to the Caretaker Government and executive chairman of PPRC, renowned economist Dr. Hossain Zillur Rahman was present as the chief guest. Chairman of CZM Niaz Rahim presided over the event.

CZM Board member and formers Secretary AMM Nasir Uddin, Arastoo Khan, Exim Bank Foundation Secretary General AKM Nurul Fazal Bulbul, Dhaka University Professor Dr. Zubair Mohammad Ehsanul Haque, Chief Executive Officer of CZM Dr. Mohammad Ayub Miah also spoke on the occasion.

Under the program, students get monthly scholarship of 4,000 taka for 30 months. CZM has awarded scholarships to 9432 students so far.

## Establishment of Kidney Dialysis and Transplant Center





CZM has taken an initiative to set up an international standard kidney dialysis and transplant center at Keranigonj near Dhaka. According to the Global Burden of Disease Study, 4,657 people die of sudden kidney disease every day in the world. In Bangladesh 10 years ago kidney patients were 16 percent; in 2021, it increased to one in seven kidney patients. It is alarming that, 2 crore people in Bangladesh have been the country are suffering from kidney disease in one way or another. As many four lac people are newly diagnosed with kidney disease every year. At least 40,000 dialysis and transplant-eligible kidney patients die prematurely every year.

As a pilot project, CZM initially initiated free hemodialysis for 150 patients and free CAPD for several patients. CZM has taken the initiative to open this expensive medical center for the poor free of cost.

## SSC Vocational School Run with Financial Support of CZM






A vocational school named Village Vocational Training Center (VVTC) Companyganj Upazila of Noakhali District. with the financial and technical support of CZM. Most of the people of the area earn their living as day laborers, fish traders, or driving rickshaw vans. As a result, it is not possible to bear the cost of childrens' education. Many students are dropped at primary level.

The school was established in 1989 under the direct and supervision of the late Mohammad Faiz Ullah, Former Secretary Bangladesh Govt. CZM took over the responsibility of managing the institution in 2016. The poor students got the opportunity to study and the number of students in the school increased. Currently, 316 students are studying in the school. CZM has supported in various developmental works including benches, chairs, tables, new equipment for trades, purchase of computers and other furniture, increase in salary of teachers and employees, recruitment of 10 new teachers, new 1600 square feet due to increase in the number of students, building classroom, construction of boundary wall in front, renovation of office and teachers room etc.

## Distribution of Devices to the Physically Challenged






Recently, the Center for Zakat Management distributed various devices among 100 physically challenged people of Sonaimuri Upazila of Noakhali District. Upazila Executive Officer Ismail Hossain, Sonaimuri Government College Principal Mr. AKM Shafiqur Rahman distributed the device. As many as 14 types of devices are provided to 100 physically challenged persons including Auxiliary Cross, Elvo Cross/Cross, Four Point Stick, Power Wheel Chair, Special Seat Wheel Chair, Single Point Stick, Standing Frame (Suitable for Children), Wheel Chair with Tray etc.

## Providing treatment to 37 more eye patients





Center for Zakat Management provided support for eye cataract surgery and other treatment to 37 underprivileged people of Lalmonirhut District. The organization has already supported cataract with for eye operations and necessary medicines among 1500 more visually impaired people in the country.

## Successful completion of 2 more livelihood projects





For over a century, CZM has been implementing various programs including livelihood development projects to alleviate poverty through effective utilization of Zakat funds. For this purpose, 57 livelihood development projects were undertaken through livelihood development centers in different areas of the country. Out of which 28 projects were successfully completed. Recently, the livelihood projects of Kalapara Upazila of Patuakhali and Savar Upazila of Dhaka have been completed. The successful implementation of these projects has improved the quality of life of the project beneficiaries. Out of these 25 families had no earning members. They have been given regular food assistance. The project constructed 31 new houses and handed them over to homeless families. Pre-primary education was imparted to children aged 4-6 years (220). Also, 37 eye patients underwent cataract surgery and 26 disabled persons were provided with various devices. After the end of the two projects, each member family received an average of BDT 30,000 to 40,000 in cash. As a result, their average income increased with savings and capital accumulation. About 11 beggars of the project have given up begging and are involved in income generating activities. Most families have come out of interest-bearing loans. Everyone in the project has got access to safe water and sanitary latrines.

## CZM Operates a 'Lotus Kamal Granada School' at Cumilla





Center for Zakat Management has started operations a new primary school called 'Lotus Kamal Granada School' in June 2022 at South Cumilla Sadar's Lalmai Bazar. The school has started with 110 students from KG to Class 3. This school's sponsor plan to gradually convert it into a college for providing quality and affordable education for the local children. CZM will provide scholarship to the poor students from Zakat fund.

**Center for Zakat Management (CZM)**

House- 26, Road- 07 Block- C, Niketon, Gulshan-1, Dhaka -1212

+880 2 222298255, 01729 296 296

info@czm-bd.org fb.com/czm.org www.czm-bd.org